

স্বপ্নের দোরগোড়ায় ভক্ত মন্দির

রতন কুণ্ড: গত ২১শে জুলাই রবিবার ভক্ত মন্দির সিডনি তাদের মন্দিরের জন্য নির্ধারিত নিজস্ব জমির উপরে আয়োজন করেছিল সত্যনারায়ণ পূজা ও এক আলোচনা অনুষ্ঠান। এর আগে ভক্ত মন্দিরের উপর একটি প্রতিবেদন প্রকাশ করা হয়েছিল। ভক্ত মন্দির ট্রাস্টি সংগঠনই বাঙ্গালী



হিন্দুদের প্রথম সংগঠন যারা সিডনির প্রাণকেন্দ্র ২, রিচি স্ট্রিট, রোজহিলে (গ্রানভিল ও প্যারামাটার মাঝে অবস্থিত) প্রায় ৮০০ বর্গ মিটার জায়গা মন্দিরের জন্য ক্রয় করেছে। ইতিমধ্যে তাঁরা জায়গাটির চারপাশে বাউন্ডারি দিয়ে ভূমি উন্নয়ন কাজ সমাপ্ত করেছে। পূজা উপলক্ষে সেখানে ট্রাস্টের সদস্য ও সিডনির বাঙ্গালী কমিউনিটির আরো অনেক ভক্ত মিলিয়ে প্রায় দেড়শ

লোকের সমাবেশ হয়েছিল। সমাবেশে বাঙ্গালী পোষাকে সজ্জিত হয়ে উপস্থিত হয়েছিলেন মিস জুলি ওয়েন্স এম পি, মেস্বার ফর প্যারামাটা। পূজা অনুষ্ঠানে পৌরোহিত্য করেন ভক্ত মন্দিরের একজন সদস্য শ্রী বিধান চক্রবর্তী। পূজা অনুষ্ঠান ও পুষ্পাঞ্জলি শেষে সংগঠনের আদর্শ, উদ্দেশ্য, এ পর্যন্ত প্রাপ্তি অ ভবিষ্যৎ কর্মসূচী নিয়ে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন সুমন সাহা, ডাঃ জয়ন্ত কর ও ডাঃ সুরত বিশ্বাস। অর্থনৈতিক অবস্থান তুলে ধরেন শ্রী অশোক কুণ্ড ও ভবিষ্যৎ দিক নির্দেশনা ও করণীয় বিষয়ে বক্তব্য রাখেন ড. রতন কুণ্ড। মিস জুলি ওয়েন্স বাঙ্গালী কমিউনিটির প্রতিটি সাংগঠনিক কর্মকাণ্ডে তার অকুণ্ঠ সহযোগিতা ও আশ্বাস পূনর্ব্যক্ত করেন। তিনি ব্যক্তিগত ও সরকারী পর্যায়ে সংগঠনটির মন্দির প্রতিষ্ঠার স্বপ্ন পূরণের জন্য কাজ করবেন বলে প্রত্যয় ব্যক্ত করেন।

দুপুরে প্রসাদ বিতরণ ও মধ্যাহ্ন ভোজের পরে সুমন সাহা সংগঠনটির ফান্ড রেইজিং প্রোগ্রামে অংশগ্রহণ, সাহায্য ও সহযোগিতার আহবান জানান। আগামী ২৫শে আগস্ট 1 Delvin St., Ryde এর Ryde Civic Hall এ VMS Musical Night এ উপমহাদেশের প্রখ্যাত সংগীত



শিল্পী চৈত্রা, মনিষ, নিতিন, পারমিতা ও জগপ্রীত সংগীত পরিবেশন করবেন। এ ছাড়া নৃত্যে থাকবেন নিপেন্দ্র গ্রুপ, সাত্ত্বিক গ্রুপ, সিকে এবং তৃণা। সবাইকে স্বাগতম ও ধন্যবাদ জানিয়ে সাহায্যের হাত নিয়ে এগিয়ে আসার জন্য উদাত্ত আহবান জানানো হয়।

